

যুগান্তর

প্রিন্ট: ২০ জানুয়ারি ২০২৫, ০৫:২৪ এএম

শিক্ষাঙ্গন

স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণের দাবিতে সমাবেশ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৯ জানুয়ারি ২০২৫, ১১:০৩ পিএম



ছবি: সংগৃহীত

দেশের সব স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা জাতীয়করণসহ ৬ দফা দাবিতে রোববার জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ হয়েছে। স্বতন্ত্র ইবতেদায়ি শিক্ষক ঐক্যজোট কর্মসূচির আয়োজন করে।

এতে বক্তারা বলেন, আমরা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় সরকারি বিধি নিয়ম অনুসরণ করে ৪০ বছর বিনা বেতনে শিক্ষকতার পেশায় দায়িত্ব পালন করে আসছি। কিন্তু আমাদের কোনো বেতন-ভাতা না থাকায় মানবেতর জীবনযাপন করতেছি। শিক্ষা উপদেষ্টার প্রতি আমাদের আহ্বান তিনি যেন দাবিগুলো বাস্তবায়নের ঘোষণা দেন। যতক্ষণ পর্যন্ত না তিনি দাবি পূরণের ঘোষণা দেবেন; ততক্ষণ আমরা জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করব।

কর্মসূচি চলাকালে আন্দোলনকারীদের পক্ষে একটি প্রতিনিধিদল সচিবালয়ে গিয়ে শিক্ষা উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করে। প্রতিনিধিদলে ছিলেন জোটের সদস্য সচিব আল আমিন, সদস্য মাওলানা আব্দুল হান্নান, নূরুল আমিন, ইউসুফ শরীফ, খোরশেদ আলম, সাদিকুর রহমান ও রবিউল ইসলাম।

আর আন্দোলন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক শামসুল আলমের সভাপতিত্বে সমাবেশে কমিটির সদস্য সচিব মোহাম্মদ আল আমিন, উপদেষ্টা মাওলানা জয়নাল আবেদীন, নির্বাহী সদস্য আলাউদ্দিন খন্দকার, খোরশেদ আলম, নূরুল আমীন, আব্দুল হান্নান, রবিউল ইসলাম, শামসুল হক আনসারী, মনিরুজ্জামান, তারেক আজিজ, সাদেকুর রহমান, সাইফুল ইসলাম, জহুরুল আলম প্রমুখ বক্তব্য দেন।